গাংনীর গাঁড়াবাড়িয়াতে চাচাশ্বশুরকে হত্যাকারী সবুজের ফাঁসির দাবীতে মানববন্ধন

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াবাড়িয়া গ্রামে চাচাশ্বশুর ইলিয়াস হোসেনকে হত্যাকারী জামাই সবুজ আহমেদের ফাঁসির দাবীতে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ করেছে গ্রামবাসি।

আজ শুক্রবার (০৯ মে) বিকালে কাথুলি- মেহেরপুর সড়কের গাংনী উপজেলার গাঁড়াবাড়িয়া গ্রামে এই মানববন্ধন করেন তারা।

কাথুলি ইউনিয়ন বিএনপির সভাপতি ও সাবেক ইউপি ফেরদৌস ওয়াহেদ বেল্টুর নেতৃত্বে মানববন্ধনে বক্তব্য দেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ হাফিজুল ইসলাম, স্থানীয় ব্যবসায়ী আলহাজ্ব শওকত হোসেন, কামরুল ইসলাম, আব্দুল জাব্বার, মাওলানা জাবের আলী, আব্দুল কুদ্দুস, স্কুল শিক্ষক আক্তারুজ্জামান লাভলু, রহিদুল ইসলাম প্রমুখ।
মানববন্ধনে এলাকার নারী, পুরুষ, শিশুসহ শতাধিক মানুষ অংশ নেন। মানববন্ধন থেকে তারা খুনি সবুজের ফাঁসির দাবি করেন।

উল্লেখ্য, গত বৃহস্পতিবার (০৮ মে) ভোরে ভাইয়ের জামাই সবুজ হোসেনের উপূর্যপুরি ছুরিকাঘাতে চাচাশ্শুর ইলিয়াস হোসেন নিহত হন। এসময় গ্রামবাসি সবুজ হোসেনকে আটক করে গণধোলাইকালে সেনবাহিনী ও পুলিশ তাকে উদ্ধার করে থানায় নেন।
এঘটনায় ইলিয়াস হোসেনের ভাই বাদি হয়ে গতকাল বৃহস্পতিবার সবুজ, তার পিতা আওয়ামী লীগ নেতা ময়নাল হক ও মা সুখিয়ারা খাতুনের নামে হত্যা মামলা দায়ের করেন।

মেহেরপুরের আমঝুপিতে ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত

মেহেরপুরের আমঝুপিতে মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ ও ইয়ুথ ফোরামের ত্রৈমাসিক ডায়ালগ ও ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত হয়েছে।

“সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ” এই স্লোগানকে সামনে রেখে গতকাল বৃহস্পতিবার সকাল ১০টায় আমঝুপির মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে এক আলোচনা ও ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত হয়।

মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও গণসাক্ষরতা অভিযান যৌথভাবে এই কর্মসূচির আয়োজন করে। মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিটিআই-এর সুপারিনটেনডেন্ট মোঃ সামসুজ্জামান মন্টু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কৃষি বিপণন কর্মকর্তা মোঃ তারকুল ইসলাম, কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি মোঃ ইসমাইল হোসেন, কমিটির অন্যান্য সদস্যবৃন্দ, ইয়ুথ ফোরামের সদস্য, শিক্ষক এবং সুশীল সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ।

উক্ত মতবিনিময় সভায় মেহেরপুর জেলার বিশেষ করে গ্রামীণ পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ, ঝরেপড়া রোধ, প্রাথমিক শিক্ষায় স্বদায়িত্ববোধ সৃষ্টি এবং গণঅংশগ্রহণ বৃদ্ধিতে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ ও ইয়ুথ ফোরাম যে সকল উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে, তার সার্বিক অবস্থান, চ্যালেঞ্জ এবং এসডিজি অর্জনে করণীয় বিষয়ে বিভিন্ন তথ্য উপাত্ত উপস্থাপন ও উন্মুক্ত আলোচনা করা হয়।

এই আলোচনা সভায় কর্মরত ও অবসরপ্রাপ্ত শিক্ষকরা তাদের শিক্ষাজীবনের বিভিন্ন সীমাবদ্ধতা, সরকারি সুযোগ-সুবিধা ও বাজেটে বরাদ্দের বৈষম্য নিয়ে অভিযোগ তুলে ধরেন। তবে মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে মউকের দীর্ঘ এক যুগের অবদানও তারা তুলে ধরেন।

মেহেরপুর জেলার কৃষি বিপণন কর্মকর্তা তার বক্তব্যে কৃষিপণ্য বাজারজাতকরণে তার দপ্তরের বিভিন্ন কার্যক্রম, সরকারি সহায়তা এবং তা কৃষক শ্রেণির মাঝে কীভাবে পৌঁছানো যায় সে বিষয়ে বিস্তারিত তুলে ধরেন।

সাদ আহম্মদের সঞ্চালনায় অনুষ্ঠিত ফলপ্রসূ এই আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন মউকের প্রোগ্রাম ম্যানেজার কাজল রাখো, সহকারী প্রোগ্রাম অফিসার আশিক বিল্লাহ ও চাঁদতারা সূর্য।

মেহেরপুরে প্লাস্টিকের ক্ষতিকর দিক নিয়ে সচেতনতামূলক প্রচারণা

মেহেরপুরে একবার ব্যবহার্য প্লাস্টিকের ক্ষতিকর দিক নিয়ে সচেতনতামূলক প্রচারণা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর সরকারি কলেজের শিক্ষক-শিক্ষার্থী সম্মেলন কক্ষে এ সভার আয়োজন করে বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতি (বেলা)।

বেলার নেটওয়ার্ক সদস্য হাবিবি ফেরদৌস ওয়াহেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম নজরুল কবীর।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “একবার ব্যবহার্য প্লাস্টিক আমাদের পরিবেশ, জীববৈচিত্র্য এবং জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি। প্লাস্টিক যেমন সহজে পচে না, তেমনি এটি মাটি, পানি ও বায়ু দূষণের অন্যতম কারণ। সচেতনতা বৃদ্ধি এবং বিকল্প ব্যবহারের অভ্যাস গড়ে তোলা এখন সময়ের দাবি। শিক্ষার্থীদের পরিবেশবান্ধব জীবনযাপনের দৃষ্টান্ত স্থাপন করতে হবে।”

তিনি আরও বলেন, “শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে পরিবেশ সচেতনতা তৈরিতে এ ধরনের উদ্যোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ। বেলা যে প্রশংসনীয় কাজ করছে, তা আমাদের সবাইকে উদ্বুদ্ধ করবে।”

সভায় আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের প্রভাষক এস. এম. আশরাফুল হাবিব, বেলা’র খুলনা বিভাগীয় আঞ্চলিক সমন্বয়ক মাহফুজুর রহমান মুকুল এবং বেলা’র নেটওয়ার্ক সদস্য কাজল মাহমুদ প্রমুখ।

মেহেরপুরে অসচ্ছল নারীদের মাঝে সেলাই মেশিন বিতরণ

স্বপ্নবাজ তরুণদের নিরলস প্রচেষ্টায়, জন্মভূমি মেহেরপুর মানবকল্যাণ সংস্থার উদ্যোগে “স্বাবলম্বী প্রজেক্ট” এর আওতায় মেহেরপুরে
প্রত্যন্ত গ্রামের অসচ্ছল নারীদের সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

জন্মভূমি মেহেরপুর মানবকল্যাণ সংস্থার আয়োজনে গতকাল বুধবার মেহেরপুরের কাথুলী মোড়ের খান কমিউনিটি সেন্টারে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

এই আয়োজনের মূল লক্ষ্য সমাজের সুবিধাবঞ্চিত নারীদের স্বাবলম্বী করে তোলা এবং তাদের কর্মসংস্থান নিশ্চিত করা।

জন্মভূমি মেহেরপুর মানবকল্যাণ সংস্থার সহ-সভাপতি মোঃ জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক মোঃ আশাদুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “এই ধরনের উদ্যোগ সমাজের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। নারীদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করার মাধ্যমে শুধু একটি পরিবার নয়, গোটা সমাজ উপকৃত হয়। জন্মভূমি মেহেরপুর মানবকল্যাণ সংস্থার এই উদ্যোগ নিঃসন্দেহে প্রশংসার দাবিদার।”

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজসেবা অফিসার (রেজিঃ) কাজী মো: আবুল মনসুর, শহর সমাজসেবা অফিসার
মোঃ সোহেল মাহমুদ, মেডিকেল অফিস ডাঃ মোঃ রোকনুজ্জামান প্রমুখ।

এসময় জন্মভূমি মেহেরপুর মানবকল্যাণ সংস্থার সকল সদস্যরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে রেড ক্রস ও রেড ক্রিসেন্ট দিবস পালিত

বর্ণাঢ্য র্যালি, আলোচনা সভা এবং নানা আয়োজনে মেহেরপুরে পালিত হয়েছে বিশ্ব রেড ক্রস ও রেড ক্রিসেন্ট দিবস।

দিবসটি উপলক্ষে আজ বৃহস্পতিবার (৮ মে) সকালে জেলা পরিষদ চত্বরে জাতীয় পতাকা ও রেড ক্রিসেন্ট পতাকা উত্তোলন করা হয়। জাতীয় পতাকা উত্তোলন করেন জেলা প্রশাসক ও জেলা রেড ক্রিসেন্টের চেয়ারম্যান সিফাত মেহনাজ।

পতাকা উত্তোলন শেষে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর জেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক সিফাত মেহনাজের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন মেহেরপুর স্থানীয় সরকার বিভাগের ভারপ্রাপ্ত উপপরিচালক মো. তরিকুল ইসলাম, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর ইউনিটের ইউনিট লেভেল অফিসার সাব্বির হোসেন, যুব প্রধান শান্ত প্রমুখ।

এছাড়াও এসময় রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর ইউনিটের আর সি ওয়াই আব্দুল্লাহ আল মামুন, সদস্য মোঃ ফয়সাল হোসেন, মোঃ নাসির হাসান, ওবায়দুল্লাহ, ফারহান ইসরাকসহ স্কুল-কলেজের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে মাদকাসক্ত জামাইয়ের

ছুরিকাঘাতে চাচা শ্বশুর খুন

মেহেরপুররের গাংনী উপজেলার গাড়াবাড়িয়া গ্রামে মাদকাসক্ত জামাই সবুজের ছুরিকাঘাতে চাচা শ্বশুর ইলিয়াস হোসেন (৪৫) খুন হয়েছেন।

আজ বৃহস্পতিবার ভোরে গাড়াবাড়িয়া গ্রামের স্কুল পাড়ায় এ ঘটনা ঘটে। নিহত ইলিয়াস হোসেন গাড়াবাড়িয়া স্কুল পাড়ার মৃত নেককার আলীর ছেলে। জামাই সবুজের বাড়ি একই উপজেলার ষোলটাকা গ্রামে। মরদেহ বর্তমানে মেহেরপুর জেনারেল হাসপাতালের মর্গে রাখা হয়েছে।

ঘটনার পর স্থানীয়রা ঘাতক সবুজকে আটক করে রেখেছে। খবর পেয়ে সেনাবাহিনীর একটি টিম, গাংনী থানা ও স্থানীয় পুলিশ ক্যাম্পের সদস্যরা পরিস্থিতি নিয়ন্ত্রণে ঘটনাস্থলে অবস্থান করছেন।

স্থানীয়রা জানান, মাদকাসক্ত সবুজ ভোরের দিকে তার শশুর বাশারের বাড়িতে গিয়ে স্ত্রীকে মারধর করছিলেন। এসময় চাচা শশুর ইলিয়াছ হোসেন তাকে নিষেধ করে। এতে ক্ষিপ্ত হয়ে ঘাতক সবুজ আহম্মেদ ইলিয়াছ হোসেনের পেটে ছুরিকাঘাত করে। গুরুতর অবস্থায় তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেওয়ার পথে মারা যায় সে। এদিকে ঘাতককে আটকিয়ে নিজেরা বিচারের দাবি জানিয়েছেন নিহতের পরিবারের বিক্ষুব্ধ লোকজন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বানী ইসরাইল এ্ই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছেছে। তার মরদেহ মেহেরপুর মর্গে রয়েছে এবং ঘাতককে স্থানীয়দের কাছে থেকে উদ্ধার করে থানায় নেওয়া হয়েছে। জিজ্ঞাসাবাদ শেষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

ড্রাইভিং লাইসেন্স পরীক্ষার

খাতায় অনিয়ম পেয়েছে দুদক

মেহেরপুর বিআরটিএ অফিসে দালালের মাধ্যমে ড্রাইভিং লাইসেন্স ও ফিটনেসের জন্য ঘুষ গ্রহণের অভিযোগে অভিযান পরিচালনা করে দুদকের একটি টিম।

বুধবার দুপুরে দুদকের কুষ্টিয়া সমন্বিত কাযার্লয়ের সহকারী পরিচালক বুলবুল আহমেদের নেতৃত্বে একটি টিম প্রথমে ছদ্মবেশে এবং পরে দাপ্তরিকভাবে অভিযান পরিচালনা করেন।

অভিযান শেষে সহকারী পরিচালক বুলবুল আহমেদ বলেন, ড্রাইভিং লাইসেন্স পরীক্ষার খাতাপত্রে কিছু অনিয়ম পাওয়া গেছে, তবে অন্যান্য অভিযোগের কোন প্রমান পাওয়া যায়নি।

তিনি জানান, অভিযোগ ছিল যে, দালাল চক্রের মাধ্যমে অতিরিক্ত টাকার বিনিময়ে লাইসেন্স প্রদান করা হয়। এই অভিযানের প্রেক্ষিতে অভিযানের আধা ঘণ্টা আগে আমরা ছদ্মবেশে মেহেরপুর বিআরটিএ অফিস পযার্লোচনা করি। তবে আজ দালালের কোনো উপস্থিতি পাওয়া যায়নি। ফিঙ্গার প্রিন্ট নেওয়ার সময় অতিরিক্ত টাকা আদায় করা হয়। আমরা সেবা গ্রহীতাদের জিজ্ঞাসা করেছি, কিন্তু তারা এমন কোনো হয়রানির কথা জানাননি। এছাড়া, সেবা গ্রহণে হয়রানি বা অতিরিক্ত টাকা নেওয়ার অভিযোগেরও সুস্পষ্ট প্রমাণ পাইনি।

তিনি আরো বলেন, তবে পরীক্ষায় পাস-ফেল নিয়ে অনিয়মের অভিযোগ সম্পর্কে আমরা বিগত কয়েক মাসের খাতা ও রেজাল্ট শিট পর্যালোচনা করেছি এবং কিছু অনিয়ম পেয়েছি। সেটিও যাতে ভবিষ্যতে না হয় সেজন্য আমরা সতর্ক করেছি।

এসময় দুদকের উপ-সহকারী পরিচালক সাইদুর রহমান, বিআরটিএ এর পরিদর্শক জিয়াউর রহমান উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জেলা পর্যায়ে সীরাত প্রতিযোগিতার পুরস্কার বিতরণী

ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ইসলামিক ফাউন্ডেশন, মেহেরপুর জেলা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত জেলা পর্যায়ের সীরাত প্রতিযোগিতা ও সনদসহ পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

বুধবার সকাল ১১টায় ইসলামিক ফাউন্ডেশনের হলরুমে অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের জেলা প্রশাসক সিফাত মেহনাজ। তিনি বিজয়ীদের মাঝে পুরস্কার ও সনদপত্র বিতরণ করেন।

জেলা প্রশাসক সিফাত মেহনাজ তার বক্তব্যে বলেন, “তোমরা নতুন, তোমরা তরুণ। তোমাদের দিকে তাকিয়ে আছে বাংলাদেশ। তোমরা সবার সঙ্গে ভালো ব্যবহার করবে, সততা ও আদর্শ নিয়ে বড় হবে, এবং পড়ালেখার মাধ্যমে মা-বাবার স্বপ্ন পূরণ করবে।”

ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ. জে. এম সিরাজুম মুনীরের সভাপতিত্বে ও মোহাম্মদ তাওহীদুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন তথ্য অফিসার আব্দুল আল মামুন, খাদ্য অফিসার রিয়াজ মাহমুদ, ফিল্ড অফিসার ওবাইদুর রহমান প্রমুখ।

মেহেরপুরে জেলা যুবদলের প্রস্তুতি সভা

আগামী ১৬ মে “শিক্ষা, স্বাস্থ্য ও মৌলিক অধিকার বিষয়ে তারুণ্যের ভাবনা” শীর্ষক সেমিনার এবং ১৭ মে “তারুণ্যের রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠার সমাবেশ” সফল করতে প্রস্তুতি সভা করেছে মেহেরপুর জেলা যুবদল।

বুধবার দুপুরে মেহেরপুর কমিউনিটি সেন্টারে এ সভা অনুষ্ঠিত হয়।

জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন কেন্দ্রীয় যুবদলের সিনিয়র যুগ্ম সম্পাদক বিল্লাল হোসেন তারেক।

এ সময় আরও উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুবদলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ফিরোজ আব্দুল্লাহ, জেলা যুবদলের সহ-সভাপতি বাবু সাবের, মোশারফ হোসেন তপু, এস. এ. খান শিল্টু, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মেহেদী হাসান রোকন, সাধারণ সম্পাদক সাইদুর সুজন, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ইসমাইল হোসেন, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী, যুগ্ম আহ্বায়ক সাইদুল ইসলামসহ জেলা যুবদলের সকল ইউনিটের নেতাকর্মীরা।

সভাটি সঞ্চালনা করেন জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওসার আলী।

গাংনীতে দাঁড়িয়ে থাকা ট্রাকে মাইক্রোবাসের ধাক্কা, নিহত ৩

মেহেরপুর-কুস্টিয়া সড়কের শুকুরকান্দি নামক স্থানে দাঁড়িয়ে থাকা ট্রাকের পেছনে মাইক্রোবাসের ধাক্কায় চালকসহ তিনজন নিহত হয়েছেন। আহত হয়েছে মাইক্রোবাসের অপর তিন যাত্রী।

নিহতরা হলেন, মাইক্রোবাসের চালক গাংনী উপজেলার পশ্চিমমালশাদহ গ্রামের মোজাম্মেল হকের ছেলে জামাল উদ্দিন (৫৫), গাঁড়াডোব গ্রামের গোলাম কিবরিয়ার ছেলে শাহিনুজ্জামান (৪৫) ও সদর উপজেলার নজরুল ইসলামের স্ত্রী আক্তার বানু (৪৫)। আহত হয়েছেন গোলাপি খাতুন, ফজিলা খাতুন ও আলফাতুন নেছা নামের আরো তিন নারী।

মঙ্গলবার দিবাগত রাত ১২ টার দিকে মেহেরপুর-কুস্টিয়া সড়কের গাংনী উপজেলার শুকুরকান্দি গ্রামের কাছে একটি দাঁড়িয়ে থাকা ট্রাকের সাথে ধাক্কা লেগে মাইক্রোবাসে থাকা সবাই আহত হন। পরে তাদের উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেয়ার সময় আক্তার

বানু মারা যান। পরে চিকিৎসাধীন অবস্থায় ভোররাতের দিকে চালক জামাল উদ্দিন ও শাহিন মারা যান।

গাংনী থানার ওসি বানী ইসরাইল জানান, গাঁড়াডোব ও শ্যামপুরের ওই হতাহতরা মাইক্রোবাসে করে চিকিৎসার জন্য রাত ১২ টার দিকে কুষ্টিয়া যাচ্ছিলেন। গাংনী উপজেলার শুকুরকান্দি নামক ওই স্থানে একটি দাঁড়িয়ে থাকা ট্রাককে পেছন থেকে ধাক্কা দেয় মাইক্রোবাস। এতে এই হতাহতের ঘটনা ঘটে।

তিনি আরও জানান, চালক জামাল উদ্দিন মাইক্রোবসটির মালিক। নিহতদের মরদেহ কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে রয়েছে বলে জানান ওসি বানী ইসরাইল।